

খাতওয়ারী জুন ২০১৭ সালের সাফল্য- বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী

১। **সর্বমোট অর্জন।** বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী জুন ২০১৭ এ সর্বমোট ৯০ কোটি ৯৫ লক্ষ ৯৪ হাজার ৯৭৬ টাকার সাফল্য অর্জন করে।

২। **চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও বনজ সম্পদ রক্ষা অভিযানে আটককৃত উলেখযোগ্য সাফল্য।** চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও বনজ সম্পদ রক্ষা অভিযানে সর্বমোট ২ কোটি ৯৬ লক্ষ ৬৪ হাজার ৪৭৬ টাকার অবৈধ পণ্য আটক করা হয়। আটককৃত বিভিন্ন দ্রব্যের বিবরণ নিম্নরূপঃ

| ক্রমিক | আটককৃত মালামাল | পরিমাণ | মূল্য (টাকা) |
|-----------------------|--|-------------|-----------------------|
| চোরাচালান পণ্য | | | |
| | গোল্ড বার | ০৩ টি | ১৮,৯১,৭৫১/০০ |
| | ডেজার/বাল্কহেড | ০৭ টি | ১,৩০,০০,০০০/০০ |
| | শাড়ি | ৮৮০ পিস | ২৪,৪৬,০০০/০০ |
| | ত্রি পিস | ১০৪ পিস | ২,৪০,৫০০/০০ |
| | থান কাপড় | ৭৬ মিটার | ৪৯,৩০০/০০ |
| | ডিজেল/পাম অয়েল/অকটেন | ৩,৩৯৫ লিটার | ৩,৮০,৪৭৫/০০ |
| | শ্যাম্পু মিনি প্যাক | ৩৫,০০০ পিস | ১,০৫,০০০/০০ |
| | পাংগাস পোনা | ১,৩৬০ কেজি | ৭,১০,০০০/০০ |
| | রড | ৪০০ কেজি | ৩২,০০০/০০ |
| | অন্যান্য (মোবাইল, হরলিক্স, কিশমিশ, চা-পাতা) | - | ১,৬৩,৯৫০/০০ |
| অস্ত্র উদ্ধার | | | |
| | অস্ত্র | ১৫ টি | - |
| | তাজা গোলা | ৪৬ রাউন্ডস | - |
| মাদকদ্রব্য | | | |
| | ইয়াবা | ১,০০০ পিস | ৫,০০,০০০/০০ |
| | গাঁজা | ০৩ কেজি | ৪৫,০০০/০০ |
| | আন্দামান গোল্ড বিয়ার | ৯২ ক্যান | ৪৬,০০০/০০ |
| বনজ সম্পদ | | | |
| ১। | বিভিন্ন প্রকার কাঠ | ০৭ ঘনফুট | ৪৫,০০০/০০ |
| পরিবেশ রক্ষা | | | |
| | তক্ষক | ০১ টি | ৬৩,৭৫,০০০/০০ |
| | পলিথিন | ৯,২৩০ কেজি | ১৩,৮৪,৫০০/০০ |
| | হরিণের মাংস | ২০ কেজি | - |
| | হরিণের চামড়া | ০২ টি | - |
| | হরিণের মাথা | ০১ টি | - |
| আটককৃত বাহন | | | |
| ১। | বোট/ট্রাক | ০৪ টি | ২২,৫০,০০০/০০ |
| আটককৃত জনবল | | | |
| ১। | বনদস্যু/ডাকাত/অন্যান্য অবৈধ কাজে জড়িত ব্যক্তি | ১৮ জন | - |
| উদ্ধার অভিযান | | | |
| ১। | জেলে/যাত্রী উদ্ধার | ১২ জন | - |
| ২। | অপহৃত বিপন্ন জেলে উদ্ধার | ২২ জন | - |
| ৩। | অপহৃত বোট উদ্ধার | ০১ টি | - |
| ৪। | মৃতদেহ উদ্ধার | ০৪ জন | - |
| | | | সর্বমোট |
| | | | ২,৯৬,৬৪,৪৭৬/০০ |

৩। **মৎস্য সম্পদ রক্ষা অভিযান।** মৎস্য সম্পদ রক্ষা অভিযানে জুন ২০১৭ মাসে সর্বমোট ৮৭ কোটি ৯৯ লক্ষ ৩০ হাজার ৫০০ টাকার ১,৪১,৩২,০০০ মিটার কারেন্ট জাল, ২৩০ পিস বেহুন্দি/ মশারি জাল, ৪৬,৬৯,০০০ মিটার অন্যান্য জাল, ১,৬২৫ কেজি জাটকা, ৫৪,৮৮,৫০০ পিস রেনু পোনা, ১২ টি বোট আটক করা হয়।

৪। **সার্চ এন্ড রেসকিউ অভিযান।** গত ১৩ জুন ২০১৭ সদরঘাট, ঢাকা একটি যাত্রীবাহী ট্রলার ডুবে গেলে কোস্ট গার্ড স্টেশান পাগলা হতে উদ্ধার অভিযানের জন্য ০১ টি উদ্ধারকারী দল ঘটনাস্থলে প্রেরণ করা হয়। নৌবাহিনী, ফায়ার সার্ভিস, নৌ-পুলিশ ও বিআইডবিউটিএর উদ্ধারকারী দলের সাথে উদ্ধার অভিযানে অংশগ্রহণ করত ট্রলারটিকে উদ্ধার করা হয়। ১৮ জুন ২০১৭ আনুমানিক ১১১৫ ঘটিকায় চট্টগ্রাম বহিঃনোঙ্গর “এ” এলাকায় এমভি সিটি-২২ এর সাথে এমভি প্রান্ড্র এর সংঘর্ষ হয়। বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনীর অপারেশান সুরক্ষায় নিয়োজিত জাহাজ সিজিএস তানভীর এবং মেটাল শার্ক-১২ ঘটনাস্থল হতে এমভি প্রান্ড্র এর ১২ জন ক্রুকে উদ্ধার করে ক্রুগণকে প্রাথমিক চিকিৎসা প্রদান করে। পরবর্তীতে ক্রুদেরকে স্থানীয় প্রশাসনের নিকট হস্তান্তর করা হয়। ২৪ জুন ২০১৭ তারিখে লাউডুব ঘাটে অবস্থানরত এমভি মারফা হতে নিখোঁজ হওয়া ব্যক্তির সম্পর্কে কোস্ট গার্ড বেইস মংলাকে অবগত করা হলে কোস্ট গার্ড বেইস মংলা কর্তৃক উদ্ধার অভিযান পরিচালনা করে গত ২৫ জুন ২০১৭ তারিখে ০১ টি মৃতদেহ উদ্ধার করে মোংলা থানায় হস্তান্তর করা হয়। এছাড়াও গত ২৭ জুন আনুমানিক ১৮১৫ ঘটিকায় নাফ নদীর টেকনাফ নতুন ব্রীজ এলাকায় ০১ টি দেশীয় বোট ১৮ জন যাত্রী নিয়ে ডুবে যায়। স্থানীয় জনগণ ডুবে যাওয়া বোটের ১৬ জন যাত্রীকে জীবিত উদ্ধার করে। কোস্ট গার্ড স্টেশান টেকনাফ অপর ০২ জনকে উদ্ধারের নিমিত্তে উদ্ধার অভিযান পরিচালনা করে। পরবর্তীতে ২৯ জুন আনুমানিক ০৭৩০ ও ০৭৪৫ ঘটিকায় অপর ০২ জনের মৃতদেহ উদ্ধার করে টেকনাফ থানায় হস্তান্তর করা হয়। গত ২৭ জুন ২০১৭ তারিখে ঢাকার দোহারে মৈনট ঘাট হতে নিখোঁজ হওয়া ০৩ ব্যক্তির উদ্ধার অভিযানে অন্যান্য উদ্ধারকারী সংস্থার সাথে কোস্ট গার্ড বাহিনী ও অংশগ্রহণ করে।

৫। **বনদস্যুতা/ডাকাত দমন অভিযান।** গত ১৫ জুন ২০১৭ কোস্ট গার্ড বাহিনী, র্যাব-৬ ও স্থানীয় জেলের যৌথ অভিযান পরিচালনা করে সাতক্ষীরা জেলার শ্যামনগর থানাধীন পশুরতলা এলাকায় রবিউল বাহিনীর ০৪ জন ডাকাত, একনলা বন্দুক-০৬ টি, পাইপ গান- ০৩টি, কার্টিজ-১৭ রাউন্ডস, তাজা গালা- ০৪ রাউন্ডস, ইঞ্জিনচালিত কাঠর নৌকা-০১টি এবং ০৭ জন বিপন্ন জেলেকে উদ্ধার করা হয়। ১৬ জুন ২০১৭ বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী কর্তৃক সাতক্ষীরা জেলার শ্যামনগর থানাধীন চুনকুরী খাল এলাকায় অভিযান পরিচালনা করে সাহেব আলী বাহিনীর ০২ জন ডাকাত, একনলা বন্দুক-০১টি, পাইপ গান- ০১টি, কার্টিজ-২৫ রাউন্ডস, মাবাইল- ০১ টি আটক করা হয় এবং গত ১৮ জুন ২০১৭ বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী কর্তৃক খুলনা জেলার কয়রা থানাধীন বানিয়াখালী এলাকায় ডাকাত বাহিনীর বিরুদ্ধে অভিযান চালিয়ে ০১ জন ডাকাত ও পাইপ গান- ০১ টি উদ্ধার করা হয়।

৬। **অবৈধভাবে সমুদ্রসীমা অতিক্রমকারী বিদেশী নাগরিক/ মৎস্যজীবীদের পরিসংখ্যান।** জুন ২০১৭ মাসে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী কর্তৃক অবৈধভাবে সমুদ্রসীমা অতিক্রমকারী বিদেশী নাগরিক/ মৎস্যজীবী আটক